


## পটভূমি:

- ❖ আয়নায়নকারী বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদি ও টেকসই নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে বর্তমান সরকারের অঙ্গীকার পূরণে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রচেষ্টা বদ্ধ।
  - ❖ দেশব্যাপী সকল প্রকার বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ড নিয়ন্ত্রণে বিকিরণ উৎস ও বিকিরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতির পরিদর্শন সাপেক্ষে লাইসেন্স প্রদান এর মাধ্যমে এই নিয়ন্ত্রণমূলক কর্মকান্ড পরিচালিত হয়।
  - ❖ এছাড়া, আমদানি রপ্তানি পারমিট ও NOC প্রদানের মাধ্যমে বিকিরণ উৎস ও বিকিরণ যন্ত্রপাতি দেশে প্রবেশ এবং বহির্গমন নিয়ন্ত্রণ করা হয়।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (কর্তৃপক্ষ) কর্তৃক দেশব্যাপী বিভিন্ন বিকিরণ স্থাপনার প্রদত্ত লাইসেন্স এর শ্রেণী বিভাগ নিম্নরূপঃ
- 'ক' শ্রেণী - রেডিওথেরাপি, নিউক্লিয়ার মেডিসিন, শিল্প, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান সমূহে বিকিরণ উৎস এর ব্যবহার এর ক্ষেত্রে
  - 'গ' শ্রেণী - ডায়াগনস্টিক এক্স-রে, শিল্প ক্ষেত্রে বিকিরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতির ব্যবহার এর ক্ষেত্রে
  - 'ঘ' শ্রেণী - দেশের অভ্যন্তরে তেজস্ক্রিয় পদার্থের নিরাপদ পরিবহনের ক্ষেত্রে
  - 'ঙ' শ্রেণী - বিকিরণ উৎস ও বিকিরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে প্রবেশ এবং দেশ হতে বহির্গমনের জন্য
  - 'জ' শ্রেণী - অন্যান্য কর্মকান্ড যা উপরোক্ত শ্রেণীর আওতায় পড়েনা, যেমন: কাস্টমস্ থেকে মালামাল খালাসের কাজে নিয়োজিত কর্মকান্ড।

## লাইসেন্সভুক্ত যন্ত্রপাতি ও বিকিরণ উৎস:

বা.প.শ.নি. আইন-২০১২ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ এর আওতায় নিম্নবর্ণিত বিকিরণ উৎস ও বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি লাইসেন্সের অন্তর্ভুক্তঃ

- ✓ ডায়াগনস্টিক এক্স-রে মেশিন
- ✓ মেডিকেল সাইক্লোট্রন;
- ✓ লিনিয়ারএক্সিলারেটর;
- ✓ কোবাল্ট-৬০ টেলিথেরাপি;
- ✓ পেট/সিটি;
- ✓ ইসিডি;
- ✓ স্পেস্ট;
- ✓ ইনডাস্ট্রিয়াল এক্স-রে;
- ✓ ওয়েললগিং ইকুইপমেন্ট;
- ✓ কন্টেইনার স্ক্যানার / লাগেজ স্ক্যানার;
- ✓ তেজস্ক্রিয় উৎস(Kr-85, Ir-192, I-131 etc.)।



ডায়াগনস্টিক এক্স-রে মেশিন



ডেন্টাল এক্স-রে মেশিন



লাগেজ স্ক্যানার

